



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।



নং-কুসক-২০২২/২৬২

তারিখঃ ২২/০৯/২০২২ খ্রি.

২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) শ্রেণীতে মেধা তালিকা হতে ভর্তি নিম্নলিখিত ফিস ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে।

ক্লাস শুরু তারিখঃ ১৬ অক্টোবর ২০২২ খ্রি. থেকে

ভর্তির তারিখ ও সময়ঃ- ০২/১০/২০২২ থেকে ১০/১০/২০২২ খ্রি. পর্যন্ত

(সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত সকাল ১০:০০ টা থেকে ১:০০ টা পর্যন্ত)

ফিসের বিবরণ

০১.	সরকারি ভর্তি ফি	৩০.০০
০২.	বেতন (জুলাই-২০২০ হতে জুন-২০২১)	৩৬০.০০
০৩.	রেজিস্ট্রেশন ফি	৮৩৫.০০
০৪.	সেশন চার্জ	৩৩০.০০
০৫.	অধিভুক্তি ফি	১০০.০০
০৬.	পরিচয় পত্র ফি	৪০.০০
০৭.	মসজিদ ফি/ পূজা পার্বন (প্রযোজ্য মত)	৫০.০০
০৮.	রোড ক্রিসেন্ট ফি	১৫.০০
০৯.	রেলার ফি	২৫.০০
১০.	উন্নয়ন ফি	২০০.০০
১১.	নিরাপত্তা/নেশ প্রহরী/ অত্যাবশ্যকীয় কর্মচারি ফি	৭০০.০০
১২.	লাইব্রেরি ফি	২৫.০০
১৩.	চিকিৎসা সেবা	২০.০০
১৪.	পরিবহন ফি (শ্রেণি ও যোগাযোগ বাবদ)	৫০.০০
১৫.	বিবিধ ফি	১০০.০০
১৬.	আইসিটি ফি	২০.০০
১৭.	বিজ্ঞান মেলা	২০.০০
১৮.	কম্পিউটার ল্যাব ফি	৩০.০০
	মোট=	২৯৫০.০০

(দুই হাজার নয়শত পঞ্চাশ টাকা মাত্র)

বিভাগীয় আদায়

ব্যবসায় শিক্ষা, মানবিক ও সামাজিক বিজ্ঞান	বিজ্ঞান বিভাগ
সেমিনার-৪০০, নির্বাচনী-৩৫০, ইনকোর্স-২০০, টার্ম পেপার-১৫০, শিক্ষা সফর-১০০ ও ব্যবস্থাপনা-৫০ = ১২৫০/=	সেমিনার-৫৫০, নির্বাচনী-৩৫০, ইনকোর্স-২০০, ল্যাব উন্নয়ন ফি-১০০, শিক্ষা সফর-১০০ ও ব্যবস্থাপনা-৫০ = ১৩৫০.০০
সর্বমোট = ২৯৫০+১২৫০= ৪,২০০/=	সর্বমোট = ২৯৫০+১৩৫০= ৪,৩০০/=

অপর পাতা

**** আবেদন ফরম সংগ্রহ ও জমাদানঃ-** অনলাইনে ভর্তির আবেদন ফরম পূরণের পর <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে অথবা Sonali eSheba মোবাইল অ্যাপ এর "National University Fees" মেন্যু থেকে "Admission Fee" অপশনে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে এবং ভর্তির আবেদন ফরমসহ প্রয়োজনীয় কাগজপত্র উক্ত তারিখের মধ্যেই স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে (স্ব-স্ব বিভাগ শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি প্রার্থীদের সনদপত্র এবং নম্বরপত্রের ফটোকপি মূলকপির সাথে যাচাই বাছাই করে ভর্তি করবে। প্রত্যেক বিভাগ অন-লাইনে গিয়ে টাকা প্রদানের প্রমাণ নিশ্চিত করে ভর্তি ফরম জমা নেবে।

উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থান প্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে কোন শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত অবস্থায় থাকলে তাকে অবশ্যই ১০ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

আবেদন ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে

- (ক) এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি- ০২ কপি।
- (খ) স্নাতক (সম্মান) পরীক্ষার নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি - ০২ কপি।
- (গ) মাস্টার্স ১মপর্ব পরীক্ষার নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি - ০২ কপি।
- (ঘ) সদ্য তোলা রঙিন পাসপোর্ট আকারের ছবি ০২ কপি (অনলাইন আবেদন ফরম দুই সেট স্ব-স্ব বিভাগে জমা দিবে)
- (ঙ) সকল মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে।

বি: দ্র: স্ব স্ব বিভাগ প্রতিদিন ভর্তি শেষে ভর্তির ফলাফলশিটে ভর্তিকৃতদের সিরিয়াল নম্বরে লাল কালিতে গোল বৃত্ত দ্বারা মার্কিং করে ভর্তি কমিটির আহ্বায়কের নিকট দুপুর ২:০০ টার মধ্যে জমা দিবে ও সর্বশেষ ভর্তি শেষে ১ সেট আবেদন ফরম মাস্টার্স শাখায় জমা দেবে এবং ০১ সেট বিভাগে সংরক্ষণ করবে।


২০/১০/২২

অধ্যক্ষ

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

কপি বিতরণঃ-

- ১। উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ২। বিভাগীয় প্রধান, সকল মাস্টার্স বিভাগ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৩। আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত), ভর্তি কমিটি-২০২০-২০২১, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৪। ড. মোহাম্মদ আবুল কালাম আযাদ, সহযোগী অধ্যাপক, রট্রোবিজ্ঞান, তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৫। হিসাবরক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৬। ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৭। শাখা সহকারী, মাস্টার্স শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ৮। সংরক্ষণ নথি।